



স্মারক নং-১২.০২.০০০০.০০২.১১.২৯১.১২-৭৯৩

তারিখঃ ১৮-১১-২০২০ খ্রিঃ

অফিস আদেশ

কৃষি বিপণন অধিদপ্তরের বাছাই/নির্বাচন কমিটির সুপারিশক্রমে এ আদেশের ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে কৃষি বিপণন অধিদপ্তরের ক্যাশিয়ার পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯৩০০-২২৪৯০/- টাকা (গ্রেড-১৬) বেতনক্রমে এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাসহ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে মেধাক্রম অনুসারে নিয়োগ করা হলো:

শর্তাবলী :

- (ক) এ পদে যোগদানের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষান্তে শারীরিক সুস্থতার সনদপত্র (ডোপ টেস্ট সহ) দাখিল করতে হবে।
 - (খ) প্রার্থী কোনো সরকারী বা বেসরকারী দপ্তরে বর্তমানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তি (রিলিজ) গ্রহণ করতে হবে।
 - (গ) চাকরিতে যোগদানের পর প্রার্থীকে ০২(দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ কালে কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ তাকে চাকরিচ্যুত করতে পারবে অথবা অদক্ষতা প্রতীয়মান হলে প্রয়োজনীয় ক্ষেত্রে কর্তৃপক্ষ শিক্ষানবিশ কাল বাড়াতে পারবে।
 - (ঘ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত নেই এরূপ কোনো ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকরি নিয়ন্ত্রিত হবে।
 - (ঙ) এ চাকরিতে যোগদানের জন্য কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
 - (চ) পুলিশ ভেরিফিকেশনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
 - (ছ) সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য ভুলত্রুটি পরিলক্ষিত হলে এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত ছাড়াও যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - (জ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তার নিয়োগ বাতিল হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০২। উপর্যুক্ত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণীয় হলে আগামী ১০ ডিসেম্বর ২০২০ খ্রি: তারিখ পূর্বাফে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, নাগরিকত্বের সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, শারীরিক সুস্থতার সনদপত্র (ডোপ টেস্ট সহ) এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় মহাপরিচালক এর নিকট যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

০৩। প্রার্থীর তালিকা:

মেধাক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা/মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
০১	১০৭০০০৩৪	মো: রাজু মোল্লা পিতা- মো: নাসির উদ্দিন মোল্লা মাতা- সাবানা বেগম	গ্রাম-পশ্চিম নওখন্ডা, ডাকঘর-ননিক্ষীর উপজেলা-মুকসুদপুর জেলা-গোপালগঞ্জ	প্রযত্নে-মো: নওসাদ মোল্লা গ্রাম-পশ্চিম নওখন্ডা ডাকঘর-ননিক্ষীর উপজেলা-মুকসুদপুর জেলা-গোপালগঞ্জ

১
২

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
Email: dg@dam.gov.bd


স্মারক নং-১২.০২.০০০০.০০২.১১.২৯১.১২-৭৯৩

তারিখঃ ১৮-১১-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সিভিল সার্জন, গোপালগঞ্জ।
- ০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। চাকরি বহি।
- ০৭। ব্যক্তিগত নথি।
- ০৮। জনাব/বেগম

.....
.....।


(এস.এম. সাজিদ হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন : ৫৫০২৮৪৩৭